

২০২৩

## বাংলা - সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : SEC-1

(মুদ্রণ ও প্রকাশনা)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়। MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

- ১। (ক) বাংলা যুক্তাক্ষরের বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১৫  
অথবা,  
(খ) পত্রিকার পঞ্জিকরণ সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করে পঞ্জিকরণের গুরুত্ব সম্পর্কে লেখো। ১৫
- ২। (ক) বাংলা বানান সংস্কারে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১৫  
অথবা,  
(খ) তৎসম ও অ-তৎসম শব্দের বানান সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ৮+৭
- ৩। (ক) মুদ্রণপ্রমাদ সংশোধনের সময় যে যে বিষয়গুলির প্রতি সতর্ক থাকতে হয় তা বিস্তারিত আলোচনা করো। ১৫  
অথবা,  
(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)  
অশুদ্ধি সংশোধন করো : ১৫  
বিসন্ন, প্রতিদাগ, ছদ্মবেশ, স্বার্থক, বীপরীত, পুঙ্করিনি, বাল্মিকি, দুর্গা, উজ্জল, কুজটিকা, সন্মান, দুর্নীতি, শিরপিড়া, ভাগিরথী, অভুতপূর্ব।  
\* ৩। (খ) প্রশ্ন ৩নং পৃষ্ঠায় রয়েছে।
- ৪। (ক) গ্রন্থ সম্পাদনায় সম্পাদকের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) একটি গ্রন্থের টাইটেল পেজ সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো। ৫
- ৫। (ক) বাংলা বানানের যে-কোনো দুটি প্রধান সমস্যা সম্পর্কে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) বিদেশি শব্দের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি উদাহরণসহ আলোচনা করো। ৫
- ৬। (ক) প্রুফ সংশোধন কাকে বলে? প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো। ১+৪  
অথবা,  
(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)  
অশুদ্ধি সংশোধন করো : ৫  
প্রনাম, কিসলয়, ব্যায়, ভুল, অনুদিত।

Please Turn Over

অথবা,

(খ) একজন দক্ষ প্রফ রিডারের যে গুণগুলি থাকা আবশ্যিক, সেগুলির পরিচয় দাও।

৫

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো :

৫

জীবীকা, প্রতিযোগীতা, নুপুর, বিধী, নীরিহ।

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) পাণ্ডুলিপি কী?

(খ) 'ক্ষ'-যুক্তাক্ষরটির মধ্যে কী কী বর্ণ আছে?

(গ) ISBN-এর সম্পূর্ণ রূপটি লেখো।

(ঘ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি কবে প্রথম চালু হয়?

(ঙ) প্রফ সংশোধনে ডিলিট (delete) বোঝাতে কী চিহ্ন প্রয়োগ করা হয়?

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো : সাম্মানিক

(চ) গ্রহের স্পাইনে কী কী মুদ্রিত থাকে?

(ছ) প্রফ সংশোধনে '◌' চিহ্নটি কী বোঝাতে ব্যবহার করা হয়?

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো : নিশিথে

(জ) 'হু' — এই যুক্তাক্ষরটি দিয়ে একটি শব্দ লেখো।

(ঝ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুযায়ী সঠিক বানানটি বেছে লেখো — বাঙালী/বাঙালি।

(ঞ) #-এই চিহ্নটি প্রফ সংশোধনে কী নির্দেশ করে?

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো : আমাবস্যা

(ট) কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতি-র প্রথম বাংলা বানান সম্পর্কিত বইটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ঠ) বিবলিওগ্রাফি-শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?

(ড) 'ক' এবং 'ষ' ধ্বনি দুটি যুক্ত হয়ে যে যুক্তাক্ষরটি তৈরি হয় তা দিয়ে একটি শব্দের উদাহরণ দাও।

(ঢ) পেপারব্যাক বই বলতে কী বোঝো?

(ণ) কোনো গ্রন্থের একাধিক সংস্করণ ও একাধিক মুদ্রণের মধ্যে পার্থক্য কোথায়?

(3)

Z(1st Sm.)-Bengali-H/SEC-1/CCF

অথবা,

[ ৩ (খ) প্রশ্নের উত্তর প্রশ্নপত্রের এই পৃষ্ঠার উপরেই করতে হবে এবং উত্তরপত্রের শেষে সংযুক্ত করে দিতে হবে। ]

রোল নং—

রেজিস্ট্রেশন নং—

৩। (খ) প্রুফ সংশোধন করো।

১৫

মূল কপি

এটা বেশি কিছু নয়, তবু বড়ো শক্ত দাবি। কুমু এইটুকু আন্দাজ করতে পেরেছে যে, মধুসূদনের মনে সংগীতের রস নেই। এর সামনে বাজানোর সংকোচ কাটিয়ে তোলা কঠিন। কুমু মুখ নিচু করে এসরাজের ছড়িটা নিয়ে নাড়াচাড়া করতে লাগল। মধুসূদন বললে, 'বাজাও-না বড়োবউ, আমার সামনে লজ্জা কোরো না।'

কুমু বললে, 'সুর বাঁধা নেই।'

'তোমার নিজের মনেরই সুর বাঁধা নেই, তাই বলো-না কেন?'

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

প্রুফ কপি

এটা বেশী কিছুই নয়, তবু বড় শক্ত দাবি কুমু এটুকু আন্দাজ করতে পে রেছে যে মধুসুদনের মনে সঙ্গীতের রস নাই।

এর সামনে বাজানোর সংকোচ কাটিয়ে তোলাকঠিন। মুকু এসরাজের ছড়িটা নিয়ে নাড়াচাড়া করিতে লানল। মধুসূদন বললে, 'বাজাও না বড়ো বউ আমার সামনে লজ্জা করো।'

কুমু বলল 'সুর বাধা নেই'

'তোমারই নিজের মনে বাঁধা নেই তাই বল নাকেন?'

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো :

১৫

সান্তনা, শারিরিক, সমীচিন, ভৌগলিক, বিথি, জাজল্যমান, বিপনন, ষররীপু, প্রাতকাল, সত্ত্বা, ব্যাবহার, বিসম, পরিশেবা, গীতাঞ্জলী, মধুসুদন।